রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫০-আইন/২০১৮।**—বাংলাদেশ পানি আইন, ২০১৩ (২০১৩ সনের ১৪ নং আইন) এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "অনাপত্তি" অর্থ বিধি ৩৩ এর অধীন ইস্যুকৃত কোনো অনাপত্তি;

(২) "অনাপত্তি প্রদানকারী কর্তৃপক্ষ" অর্থ বিধি ৩০ এ উল্লিখিত কোনো কর্তৃপক্ষ;

(৩) "অপসারণ আদেশ" অর্থ ধারা ১৩ এর অধীন ইস্যুকৃত কোনো আদেশ;

(৪) ''আইন'' অর্থ বাংলাদেশ পানি আইন, ২০১৩ (২০১৩ সনের ১৪ নং আইন);

(৫) ''আবেদনকারী'' অর্থ এই বিধিমালার অধীন আবেদনপত্র দাখিলকারী কোনো উপযুক্ত কর্তৃপক্ষ, ব্যক্তি বা সংস্থা;

(৬) ''আবেদনপত্র'' অর্থ নিম্নবর্ণিত কোনো উদ্দেশ্যে এই বিধিমালার অধীন দাখিলকৃত কোনো আবেদনপত্র—

(ক) অনুমতি, অনাপত্তি বা প্রকল্প ছাড়পত্র; বা

(খ) অনুমতি, অনাপত্তি বা প্রকল্প ছাড়পত্র সনদের প্রত্যায়িত কপি; বা

(গ) অনুমতি, অনাপত্তি বা প্রকল্প ছাড়পত্র বাতিল আদেশ প্রত্যাহার; বা

(ঘ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থায় স্থাপিত তথ্য-উপাত্ত ভাণ্ডার হইতে কোনো তথ্য প্রাপ্তি; বা

(ঙ) এই বিধিমালার অধীন উপরে উল্লিখিত আবেদন ব্যতীত অন্য যে কোনো আবেদন;

(৭) ''ইউনিয়ন কমিটি'' অর্থ বিধি ১৬ এর অধীন গঠিত ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি;

(৮) "উপকূল" অর্থ উপকূলীয় খাঁড়িসহ উপকূলীয় এলাকা;

(৯) ''উপজেলা কমিটি'' অর্থ বিধি ১৫ এর অধীন গঠিত উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি;

(১০) ''উপযুক্ত কর্তৃপক্ষ'' অর্থ ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত উপযুক্ত কর্তৃপক্ষ;

(১১) ''কমিটি'' অর্থ এই বিধিমালাতে উল্লিখিত জেলা, উপজেলা বা ইউনিয়নের ১ (এক) বা একাধিক কমিটি;

(১২) ''কারিগরি কমিটি'' অর্থ বিধি ২১ এর অধীন গঠিত কারিগরি কমিটি;

(১৩) ''কারিগরি প্রতিবেদন'' অর্থ বিধি ২২ এর অধীন প্রণীত কোনো প্রতিবেদন;

(১৪) "কৃষি" অর্থ—

(ক) শস্য বা অন্য যে কোনো ফসল উৎপাদন;

(খ) উদ্যানকৃষি (horticulture);

(গ) বনায়ন;

(ঘ) মৎস্য চাষ ও উৎপাদন;

(ঙ) পশুপালন ও পশুজাত পণ্য উৎপাদন;

(চ) পোল্ট্রি ও পশু খাদ্য উৎপাদন;

(ছ) হাঁস-মুরগীর খামার পরিচালন;

(জ) দুগ্ধ খামার পরিচালন;

(ঝ) মৌমাছি পালন;

(ঞ) রেশম চাষ; এবং

(ট) অনুরূপ কোনো কৃষিভিত্তিক উৎপাদন বা প্রক্রিয়া;

(১৫) ''জাতীয় পানি সম্পদ পরিকল্পনা'' অর্থ ধারা ১৫ এ উল্লিখিত জাতীয় পানি সম্পদ পরিকল্পনা;

(১৬) ''জেলা কমিটি'' অর্থ বিধি ১৪ এর অধীন গঠিত জেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা কমিটি;

(১৭) "ড্যাম ও ব্যারাজ" অর্থ নদীর প্রবাহের আড়াআড়ি মাটি, কংক্রিট, রাবার বা অন্য যে কোনো উপাদান দ্বারা নির্মিত কোনো অবকাঠামো;

(১৮) ''ধারা'' অর্থ আইনের কোনো ধারা;

(১৯) "নলকূপ" অর্থ পানি আহরণ ও সরবরাহ বা সেচের জন্য ব্যবহৃত নিম্নোক্ত নলকূপ, যথা:—

(ক) "অগভীর নলকূপ (Shallow Tube Well)" অর্থ এইরূপ নলকূপ যাহা ভূগর্ভস্থ পানির স্তর হইতে প্রাইম মোভার সংযুক্ত সেন্ট্রিফিউগাল পাম্প দ্বারা সাকশন পদ্ধতিতে পানি উত্তোলনে সক্ষম;

(খ) "গভীর নলকূপ (Deep Tube well)" অর্থ এইরূপ নলকূপ যাহা ভূগর্ভস্থ পানির স্তর হইতে সাবমারসিবল পাম্প সেট অথবা প্রাইম মোভার সংযুক্ত টারবাইন পাম্প দ্বারা ফোর্সমোডে পানি উত্তোলন করে;

(গ) "ডিপসেট অগভীর নলকূপ (Deep-set Shallow Tube well)" অর্থ এইরূপ নলকূপ যাহা ভূগর্ভস্থ পানির স্তর হইতে প্রাইম মোভার সংযুক্ত সেন্ট্রিফিউগাল পাম্প দ্বারা সাকশন পদ্ধতিতে পানি উত্তোলনের জন্য ভূতলের নীচে বসানো হয়;

(ঘ) "হস্তচালিত নলকূপ (Hand Tube well)" অর্থ এইরূপ নলকূপ যাহা সাকশন পদ্ধতিতে পানি উত্তোলনে সক্ষম;

(ঙ) "হস্তচালিত গভীর নলকূপ (Deep Hand Tube well)" অর্থ এইরূপ নলকূপ যাহা পাম্পের ভাল্ব ভূতলের নিচে স্থাপনক্রমে একটি রড দ্বারা বা অন্য কোন পদ্ধতিতে ফোর্সমোডে পরিচালিত কোনো হস্তচালিত নলকূপ;

(২০) ''নির্বাহী কমিটি'' অর্থ ধারা ২ এর দফা (৯) এ সংজ্ঞায়িত নির্বাহী কমিটি;

(২১) "পানি সম্পদের সমন্বিত উন্নয়ন" অর্থ এইরূপ একটি প্রক্রিয়া যা প্রাকৃতিক ভারসাম্যের ক্ষতি না করিয়া সর্বাধিক অর্থনৈতিক ও সামাজিক কল্যাণের লক্ষ্যে পানি, ভূমি এবং তৎসম্পর্কিত সম্পদের সমন্বিত উন্নয়ন ও ব্যবস্থাপনাকে বিকশিত করে;

(২২) ''পরিদর্শন প্রতিবেদন'' অর্থ এই বিধিমালার অধীন প্রণীত কোনো পরিদর্শন প্রতিবেদন;

(২৩) "প্লাবন ভূমি" অর্থ স্বাভাবিক বর্ষায় নদীর পানি উপচাইয়া যে এলাকা পর্যন্ত প্লাবিত হয় উক্ত এলাকা;

(২৪) ''প্রকল্প'' অর্থ বিধি ১৯ এ উল্লিখিত ১ (এক) বা একাধিক পানি সম্পদ সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প;

(২৫) ''প্রকল্প ছাড়পত্র'' অর্থ বিধি ২৩ এর অধীন ইস্যুকৃত প্রকল্প ছাড়পত্র;

(২৬) ''প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ'' অর্থ বিধি ১৩ এ উল্লিখিত প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ;

(২৭) ''প্রকল্প ছাড়পত্রধারী'' অর্থ এইরূপ ব্যক্তি যাহার আবেদন প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর হইয়াছে এবং যাহার প্রতি প্রকল্প ছাড়পত্র ইস্যু করা হইয়াছে;

(২৮) ''ফরম'' অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত বা মহাপরিচালক কর্তৃক, সময় সময়, জারীকৃত কোনো ফরম;

(২৯) ''ফি'' অর্থ বিধি ৪৭ এর অধীন নির্ধারিত ফি;

(৩০) "ব্যক্তি" অর্থ ধারা ২ এর দফা (২৫) এ উল্লিখিত ব্যক্তি;

(৩১) "সার্বিক পরিকল্পনা" অর্থ পানি সম্পদের সমন্বিত উন্নয়নের জন্য গৃহীত স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা;

(৩২) "সুপেয় পানি" অর্থ পানযোগ্য নিরাপদ পানি;

(৩৩) "স্থাপনা" অর্থে যে কোনো ধরণের ভৌত অবকাঠামোও অন্তর্ভূক্ত হইবে;

(৩৪) "ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ নির্বাহী কমিটি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত মহাপরিচালক এবং অন্য কোনো কর্মকর্তা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ ও অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে সংজ্ঞায়িত অর্থে গৃহীত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## পানির অধিকার

**৩। সুপেয় পানি এবং পরিচ্ছন্নতা ও পয়ঃনিষ্কাশনের জন্য ব্যবহার্য পানির অধিকার।**—(১) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা সুপেয় পানি এবং পরিচ্ছন্নতা ও পয়ঃনিষ্কাশনের লক্ষ্যে ধারা ৩ এবং এই বিধিমালার অধীন পানি ব্যবহারের ক্ষেত্রে নির্বাহী কমিটির নির্দেশসমূহ বাস্তবায়ন করিবে।

(২) সরকার, সময়ে সময়ে, উপ-বিধি (১) এর অধীন জনগণের পানি ব্যবহারের অধিকার বাস্তবায়নের লক্ষ্যে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ ও ভৌগোলিক অবস্থা বিবেচনাক্রমে প্রত্যেক ব্যক্তির প্রতিদিন সুপেয় পানি, পরিচ্ছন্নতা ও পয়ঃনিষ্কাশনের জন্য ন্যূনতম প্রয়োজনীয় পানির চাহিদা, পানি প্রাপ্তির সীমা ও পানির উৎসের সর্বোচ্চ কাম্য (Maximum) দূরত্ব নির্ধারণ করিতে পারিবে।

(৩) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, সকল নাগরিকের পানি সংশ্লিষ্ট অধিকারসমূহ যথাযথ পন্থায় বাস্তবায়ন তদারকির উদ্দেশ্যে এবং সময় সময়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করিবার লক্ষ্যে সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সহকারে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করিবে এবং পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে উহা নির্বাহী কমিটির নিকট উপস্থাপন করিবে।

(৪) উপ-বিধি (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, সমাজ ভিত্তিক প্রতিষ্ঠান এবং অন্য যে কোনো বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি পানি সম্পদ পরিকল্পনা সংস্থাকে সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবে।

## তৃতীয় অধ্যায়

## আন্তর্জাতিক ও আঞ্চলিক সহযোগিতা

৪। **জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভাডার।**—(১) ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ উহার কার্যপরিধির আওতাধীন আন্তঃদেশীয় নদী ও অন্যান্য পানি সম্পদ সংশ্লিষ্ট তথ্য উপাত্ত নিজ উদ্যোগে সংগ্রহ করিবে এবং উহা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভাডার (NWRD) এ সংরক্ষণ করিবার জন্য সরবরাহ করিবে।

(২) জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার (NWRD) আন্তঃদেশীয় নদী সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল কর্মকান্ড সম্পাদনের উদ্দেশ্যে তথ্য সরবরাহ করিবে।

(৩) বিদেশী রাষ্ট্র ও প্রতিষ্ঠানসমূহের সহিত পানি সম্পদ সংশ্লিষ্ট যে কোনো তথ্য-উপাত্ত বিনিময়ের ক্ষেত্রে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা সরকারকে সহযোগিতা প্রদান করিবে।

(৪) আন্তঃদেশীয় নদীর উপর বিজ্ঞানভিত্তিক গবেষণা বা অনুসন্ধান কার্যক্রমে যৌথ নদী কমিশন, বাংলাদেশকে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা সহায়তা প্রদান করিবে।

(৫) দেশ-বিদেশ হইতে প্রাপ্ত তথ্য এবং গবেষণা লব্ধ ফলাফল বা তথ্য-উপাত্ত জাতীয় তথ্য-উপাত্ত ভান্ডারে সংরক্ষিত হইবে।

(৬) সরকার ঘোষিত নিয়ম অনুযায়ী জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার হইতে তথ্যাদি সরবরাহ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, সরকার ঘোষিত ক্লাসিফাইড (Classified) তথ্য-উপাত্ত সরকারের অনুমতি ব্যতিরেকে কোনো ব্যক্তি বা সংস্থাকে সরবরাহ করা যাইবে না।

(৭) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এককভাবে বা অংশীদারিত্বের ভিত্তিতে বিভিন্ন দেশের পানি সম্পদের সমন্বিত ব্যবহার, ব্যবস্থাপনা, পরিকল্পনা ও গবেষণা সংক্রান্ত বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে-

(ক) দেশে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজন করিতে পারিবে এবং বিদেশে উক্তরূপ প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ করিতে পারিবে; এবং

(খ) দফা (ক) এ বর্ণিত প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার হইতে লব্ধজ্ঞান এবং ফলাফল তথ্য ভাডারে সংরক্ষণ করিবে।

## চতুর্থ অধ্যায়

## জাতীয় পানি নীতি

**৫। জাতীয় পানি নীতি প্রণয়ন।**—(১) ধারা ৮ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত বিষয়াদিসহ জাতীয় পানি নীতি প্রণয়ন এবং উহা, সময় সময়, হালনাগাদকরণের লক্ষ্যে, সরকারের পক্ষে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সহিত আলোচনা ও পরামর্শের ভিত্তিতে ১ (এক) টি খসড়া প্রণয়ন করিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুসারে প্রণীত খসড়ার উপর পানি সম্পদ পরিকল্পনা সংস্থা গণশুনানির আয়োজন ও পরামর্শ গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন গণশুনানি অনুষ্ঠানের উদ্দেশ্যে সরকারের পক্ষে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা দায়িত্ব পালন করিবে এবং তৎলক্ষ্যে মহাপরিচালক নিজে কিংবা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১ (এক) বা একাধিক প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠন করিতে পারিবে।

(৪) গণশুনানির উদ্দেশ্য হইবে স্বার্থ সংশ্লিষ্ট জনগোষ্ঠী ও সংগঠনের সহিত এবং জাতীয় পানি নীতি চূড়ান্ত করিবার ক্ষেত্রে যাহাদের জ্ঞান ও অভিজ্ঞতা সহায়ক হইতে পারে তাহাদের সহিত জাতীয় পানি নীতির বিষয়বস্তু সম্পর্কে মতবিনিময়ের মাধ্যমে পরামর্শ গ্রহণ করা।

(৫) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা গণশুনানি অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, এনজিও, যে কোন বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি, সমাজভিত্তিক সংগঠন ও উপযুক্ত কর্তৃপক্ষগণকে শুনানিতে অংশগ্রহণের আমন্ত্রণ করিয়া ১ (এক)টি গণবিজ্ঞপ্তি জারি করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন গণবিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত বিষয়াদির উল্লেখ থাকিবে, যথা:—

(ক) শুনানির উদ্দেশ্য;

(খ) শুনানির সময়, তারিখ ও স্থান;

(গ) শুনানি পরিচালনাকারীর পরিচিতি;

(ঘ) খসড়া জাতীয় পানি নীতির কপি;

(ঙ) শুনানি সংক্রান্ত বিষয়ে যোগাযোগ রক্ষাকারী কর্মকর্তার নাম, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর।

(৭) উপ-বিধি (৫) এর অধীন জারিকৃত গণবিজ্ঞপ্তি—

(ক) শুনানির কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ওয়েবসাইটে আপলোড করিতে হইবে;

(খ) শুনানির কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক)টি ইংরেজি জাতীয় দৈনিক সংবাদপত্র প্রকাশ করিতে হইবে।

(৮) এই বিধিমালার অধীন গণশুনানি, জনস্বার্থে, বিভিন্ন স্থানে বা একই স্থানে একাধিকবার আয়োজন করা যাইবে এবং উহা জনগণের জন্য উন্মুক্ত থাকিবে।

৬। **গণশুনানির কার্যপদ্ধতি।**—(১) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক বিজ্ঞপ্তি জারির মাধ্যমে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে গণশুনানি অনুষ্ঠিত হইবে।

(২) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা গণশুনানি পরিচালনার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে এবং শুনানিতে উপস্থিত স্টেকহোল্ডার ও বিশেষজ্ঞগণের নিকট উক্ত কার্যপদ্ধতি ও শুনানির বিষয়বস্তু ব্যাখ্যা করিবে এবং উক্ত বিষয়ে তাহাদের মতামত আহবান করিবে নিরপেক্ষ এবং ন্যায়সঙ্গত পদ্ধতিতে শুনানি অনুষ্ঠান নিশ্চিত করিবে।

(৩) গণশুনানিতে অংশগ্রহণকারীগণ মৌখিক বা লিখিতভাবে অথবা উভয়ভাবে তাহাদের মতামত প্রদান করিতে পারিবেন এবং মৌখিক মতামতের ক্ষেত্রে শুনানি পরিচালনাকারী যতদূর সম্ভব উক্তরূপ বক্তব্য বা লিখিত মতামত বা উহার সারসংক্ষেপ বা এতদসংক্রান্ত নথি, যতদূর সম্ভব, সংরক্ষণ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত লিখিত মতামত, যদি থাকে, উহা গণশুনানি অনুষ্ঠিত হইবার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে গণশুনানি পরিচালনাকারীর নিকট প্রেরণ করিতে হইবে।

(৫) জাতীয় পানি নীতি চূড়ান্তকরণের সময় গণশুনানির মাধ্যমে প্রাপ্ত মতামত বিবেচনা করিতে হইবে।

৭। **জাতীয় পানি নীতিতে পানির মূল্য নির্ধারণের নির্ণায়ক অন্তর্ভুক্তি।**—(১) সরকারি ও বেসরকারি পানি বণ্টন ব্যবস্থাকে টেকসই করিবার লক্ষ্যে আর্থিক ও আইনি কাঠামোর অধীন পানির মূল্য নির্ধারণ করিতে হইবে এবং জাতীয় পানি নীতি প্রণয়ন বা হালনাগাদকরণকালে উহাতে পানির মূল্য নির্ধারণের নির্ণায়ক সংক্রান্ত দিক-নির্দেশনা অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত নীতিমালা প্রণয়ন ও হালনাগাদকালে ধারা ৮ এর উপ-ধারা (৩) এ বর্ণিত বিষয়াবলির সহিত নিম্নোক্ত বিষয়াবলিও বিবেচনার জন্য অন্তর্ভুক্ত করিতে হইবে, যথা:—

(ক) জীবন রক্ষা (খাবার পানি), প্রতিবেশ সেবা (Ecosystem services), সমতা (Equity), দূষণ রোধ ইত্যাদি;

(খ) পানির প্রাপ্যতা, পানির সংকট অবস্থা, পানি ব্যবহারের পরিমাণ, পানি পরিশোধনের ব্যয় ও পানির সাশ্রয়ের বিষয়; এবং

(গ) পানি সেবাভোগীদের সামর্থ্য ও পানি সরবরাহের প্রকৃত খরচের আর্থিক বিশ্লেষণ।

## পঞ্চম অধ্যায়

## প্রতিপালন আদেশ

৮। **প্রতিপালন আদেশ জারির পদ্ধতি।**—(১) ধারা ১২ এর উপ-ধারা (২) এবং ধারা ৪২ এর উদ্দেশ্যপূরণকল্পে নির্বাহী কমিটি এই বিধিমালার অন্যান্য বিধানাবলি অনুসরণপূর্বক **ফরম**- ১.১ এ প্রতিপালন আদেশ ইস্যু করিতে পারিবে।

(২) নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতিপালন আদেশ জারির পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবে।

(৩) নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ উল্লেখপূর্বক **ফরম-১** এ সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে শুনানির নোটিশ জারি করিবে।

(৪) নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে শুনানি অনুষ্ঠিত হইবে।

(৫) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ লিখিতভাবে তাহাদের মতামত প্রদান করিবেন এবং শুনানীকালীন মৌখিক বক্তব্য প্রদানের ক্ষেত্রে নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ বক্তব্য বা উহার সারসংক্ষেপ লিপিবদ্ধ করিবে।

(৬) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উপ-বিধি (৫) এর অধীন প্রদত্ত বক্তব্য বা বিবৃতি নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যাচাই বা পরীক্ষা করিবেন এবং যদি নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট উক্ত বক্তব্য বা বিবৃতি অসন্তোষজনক বলিয়া প্রতীয়মান হয়, তাহা হইলে উপ-বিধি (১) এর অধীন প্রতিপালন আদেশ জারি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৭) উপ-বিধি (১) এর অধীন প্রতিপালন আদেশে নিম্নবর্ণিত বিবরণ বা তথ্যাদিরও উল্লেখ করিতে হইবে, যথা:—

(ক) উপযুক্ত কারণ ব্যতীত, প্রতিপালন আদেশ প্রতিপালনের বাধ্যবাধকতা; এবং

(খ) আদেশ অমান্য বা প্রতিপালন না করা জরিমানাযোগ্য ও দন্ডনীয় অপরাধ।

(৮) প্রতিপালন আদেশ ব্যক্তিগতভাবে বা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মাধ্যমে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা প্রশাসনিক প্রধানকে, যে নামেই অভিহিত হউক, অথবা সংশ্লিষ্ট ব্যক্তিকে জারি করা যাইবে অথবা তিনি বা তাহার প্রতিনিধি যেখানে বসবাস করেন বা ব্যবসা পরিচালনা করেন বা জীবিকা নির্বাহ করেন সেই স্থানের ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করিতে হইবে।

(৯) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় গণবিজ্ঞপ্তি জারির মাধ্যমে প্রতিপালন আদেশের বিষয়বস্তু জনগণের নিকট ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(১০) উপ-বিধি (৯) অনুযায়ী জারিকৃত গণবিজ্ঞপ্তি কমপক্ষে বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিকে প্রকাশ করিতে হইবে এবং ক্ষেত্রমত, জাতীয় বেতার ও টেলিভিশন বা ১ (এক) টি বেসরকারি বেতার বা টেলিভিশন চ্যানেল বা উভয় চ্যানেলে প্রচার করা যাইবে।

(১১) উপ-বিধি (৯) অনুযায়ী জারিকৃত গণবিজ্ঞপ্তি ক্ষেত্রমতে সার্কুলার, ক্যাপশন, ভয়েস ম্যাসেজ, স্থানীয়ভাবে মাইকিং আকারে প্রচার করা যাইবে।

(১২) উপ-বিধি (৯) অনুযায়ী জারিকৃত গণবিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত তথ্য বা বিবরণ থাকিবে, যথা:—

(ক) প্রতিপালন আদেশের বিধান বা শর্তাবলি লংঘনকারী ব্যক্তি, উপযুক্ত কর্তৃপক্ষ বা সংশ্লিষ্টগণের নাম-ঠিকানাসহ পূর্ণাঙ্গ বিবরণ;

(খ) লংঘিত বিধান বা শর্তাবলির বিবরণ;

(গ) প্রতিপালনের সময়সীমা;

(ঘ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক নির্ধারিত অন্য কোনো প্রয়োজনীয় বিষয়।

## ষষ্ঠ অধ্যায়

## অপসারণ আদেশ

৯। **অপসারণ আদেশ জারির পদ্ধতি।**—(১) যদি কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ পানি সম্পদের উপর এমন কোনো স্থাপনা নির্মাণ বা ভরাট কার্যক্রম গ্রহণ করে যাহা জলস্রোতের স্বাভাবিক প্রবাহে বাধা সৃষ্টি করে বা উহার গতিপথ পরিবর্তন করে, তাহা হইলে নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা অনুযায়ী, উক্ত ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে উক্ত জলস্রোতের স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করার উদ্দেশ্যে **ফরম-২.১** এ অপসারণ আদেশ জারি করিতে পারিবেন।

(২) নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অপসারণ আদেশ জারির পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে শুনানি অনুষ্ঠিত হইবে।

(৪) নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ উল্লেখপূর্বক **ফরম-২** এ সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে শুনানির নোটিশ জারি করিবে।

(৫) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ মৌখিক বা লিখিতভাবে বা উভয়ভাবে তাহাদের বক্তব্য প্রদান করিতে পারিবে এবং মৌখিক বক্তব্যের ক্ষেত্রে, নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ বক্তব্য বা মতামত বা উহার সারসংক্ষেপ লিখিয়া রাখিবে বা যতদূর সম্ভব লিখিয়া রাখিবার ব্যবস্থা করিবে।

(৬) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক উপ-বিধি (৫) এর অধীন প্রদত্ত বক্তব্য বা বিবৃতি নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যাচাই বা পরীক্ষা করিয়া উক্ত বক্তব্য বা বিবৃতি সন্তোষজনক প্রতীয়মান না হইলে অপসারণ আদেশ জারি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৭) নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অপসারণ আদেশে জলস্রোতের স্বাভাবিক প্রবাহের বিঘ্নের সুস্পষ্ট কারণ উল্লেখ করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে উক্ত অপসারণ আদেশ প্রতিপালনের সুনির্দিষ্ট মেয়াদ উল্লেখপূর্বক নির্দেশনা প্রদান করিবেন।

(৮) অপসারণ আদেশে নিম্নবর্ণিত বিবরণ বা তথ্যাদির উল্লেখ থাকিতে হইবে, যথা:—

(ক) স্থাপনা নির্মাণকারী বা ভরাট কার্যক্রম গ্রহণকারী ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষের নাম ও ঠিকানাসহ পূর্ণাঙ্গ বিবরণ;

(খ) অবৈধ স্থাপনা বা ভরাট কার্যক্রম সম্পর্কিত বিবরণ;

(গ) অপসারণের সময়সীমা;

(ঘ) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্থাপনা নির্মাণ বা ভরাট কার্যক্রমে ব্যবহৃত উপকরণ অপসারণের ব্যর্থতায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উহার অপসারণ;

(ঙ) দফা (ঘ) এর অধীন অপসারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অপসারণ ব্যয় নির্বাহ; এবং

(চ) নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয় বা তথ্য।

(৯) উপ-বিধি (১) এ উল্লিখিত অপসারণ আদেশ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এর দাপ্তরিক সীলমোহরযুক্ত ও স্বাক্ষরিত হইতে হইবে।

(১০) উপ-বিধি (১) এ উল্লিখিত অপসারণ আদেশ ব্যক্তিগতভাবে বা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মাধ্যমে সংশ্লিষ্ট সংস্থার বা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা প্রশাসনিক প্রধানকে, যে নামেই অভিহিত হউক, অথবা সংশ্লিষ্ট ব্যক্তিকে জারি করা যাইবে অথবা তিনি বা তাহার প্রতিনিধি যেখানে বসবাস করেন বা ব্যবসা পরিচালনা করেন বা জীবিকা নির্বাহ করেন সেই স্থানের ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করিতে হইবে।

(১১) যদি কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ অপসারণ আদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে স্থাপনাটি অপসারণ না করেন বা ভরাট কার্যক্রম অব্যাহত রাখেন, তাহা হইলে নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত স্থাপনা বা ভরাট কার্যক্রমে ব্যবহৃত উপকরণ অপসারণ করিতে পারিবে এবং এইরূপে অপসারণ করা হইলে উহার প্রকৃত খরচ বা ব্যয়ভার উক্ত ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে আদায় করিবে।

(১২) যদি কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ অপসারণ আদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে স্থাপনাটি অপসারণ না করেন বা ভরাট কার্যক্রম অব্যাহত রাখেন, তাহা হইলে নির্বাহী কমিটি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষের প্রতি উপ-বিধি (১৫) তে উল্লিখিত বিষয়াদি বিবেচনাপূর্বক প্রকৃত খরচ বা ব্যয়ভার নির্ধারণের লক্ষ্যে তারিখ ও সময় নির্দিষ্ট করিয়া নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক শুনানীর জন্য নোটিশ জারি করিবেন, যথা:—

(ক) অপসারণ কার্যক্রম পরিচালনার তারিখ ও সময়;

(খ) এতদুদ্দেশ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা;

(গ) অপসারণ কার্যক্রম পরিচালনার ব্যয়;

(ঘ) দায়ী ব্যক্তি কর্তৃক ব্যয় পরিশোধের পদ্ধতি;

(ঙ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অনুকূলে ব্যয় পরিশোধের জন্য নির্ধারিত বা বরাদ্দকৃত কোড;

(চ) ব্যয় পরিশোধের সময়সীমা।

(১৩) উপ-বিধি (১২) এর অধীন নোটিশ জারির পর নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ শুনানীর জন্য হাজির হইলে সেক্ষেত্রে উপ-বিধি (১৫) তে উল্লিখিত বিষয়াদি বিবেচনাপূর্বক প্রকৃত খরচ বা ব্যয়ভার নির্ধারণ করা হইবে।

(১৪) উপ-বিধি (১২) এর অধীন নোটিশ জারির পর নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ শুনানীর জন্য হাজির না হইলে সেক্ষেত্রে উপ-বিধি (১৫) তে উল্লিখিত বিষয়াদি বিবেচনাপূর্বক একতরফাভাবে প্রকৃত খরচ বা ব্যয়ভার নির্ধারণ করা হইবে।

(১৫) উপ-বিধি (১২) তে উল্লিখিত খরচ বা ব্যয়ভার নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করিতে হইবে, যথা:—

(ক) অপসারণ কাজে নিয়োজিত শ্রমিক ব্যয়;

(খ) অপসারণ কাজে নিয়োজিত যন্ত্রপাতি ও যানবাহনের ভাড়া এবং জ্বালানী ব্যয়;

(গ) অপসারণকৃত মালামাল স্থানান্তরের জন্য পরিবহণ ব্যয়;

(ঘ) অপসারণকৃত কাজে নিয়োজিত, কর্মকর্তা, কর্মচারি ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণের ভাতা বাবদ ব্যয়;

(ঙ) সেবা সরবরাহ (Utility Service) বিচ্ছিন্নকরণ ব্যয় (যদি থাকে);

(চ) এতদসংক্রান্ত প্রাসংগিক অন্যান্য ব্যয়।

(১৬) উপ-বিধি (১২) তে উল্লিখিত নোটিশ, ধারা ৪২ এ বর্ণিত পদ্ধতিতে জারি করা হইলে উহা যথাযথভাবে জারি করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১৭) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা গণবিজ্ঞপ্তি জারির মাধ্যমে অপসারণ আদেশের বিষয়বস্তু বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিকে, এবং ক্ষেত্রমত, জাতীয় বেতার ও টেলিভিশন বা ১ (এক) টি বেসরকারি বেতার বা টেলিভিশন চ্যানেল বা উভয় চ্যানেলে জনগণের নিকট ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করিবে।

(১৮) উপ-বিধি (১৭) অনুযায়ী জারিকৃত গণবিজ্ঞপ্তি প্রয়োজনে সার্কুলার, ক্যাপশন, ভয়েস ম্যাসেজ, স্থানীয়ভাবে মাইকিং আকারেও প্রচার করা যাইবে।

(১৯) উপ-বিধি (১৭) অনুযায়ী জারিকৃত গণবিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত তথ্য বা বিবরণ থাকিবে, যথা:—

(ক) অপসারণ আদেশের বিধান বা শর্তাবলি লংঘনকারী ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষের নাম-ঠিকানাসহ পূর্ণাঙ্গ বিবরণ;

(খ) যে স্থাপনা বা ভরাটকৃত অংশ অপসারণ করিতে হইবে উহার সংক্ষিপ্ত বিবরণ;

(গ) অপসারণের সময়সীমা; এবং

(ঘ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক নির্ধারিত অন্য কোনো প্রয়োজনীয় বিষয়।

১০। **স্থাপনা বা ভরাট কার্যক্রম অপসারণের ব্যয় আদায়ের পদ্ধতি।**—(১) সংশ্লিষ্ট ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক নির্ধারিত এবং বিধি ৯ এর অধীন জারীকৃত নোটিশে উল্লেখকৃত অপসারণ ব্যয় পরিশোধের জন্য দায়ী হইবে।

(২) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অনুকূলে অপসারণ ব্যয় পরিশোধের জন্য নির্ধারিত বা বরাদ্দকৃত কোডের মাধ্যমে কোনো তফসিলি ব্যাংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে ব্যয় পরিশোধ করা যাইবে।

(৩) অপসারণ ব্যয় পরিশোধের জন্য দায়ী ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ নির্দিষ্ট সময়সীমার মধ্যে উহা পরিশোধ করিবেন এবং পে-অর্ডার বা ব্যাংক ড্রাফ্‌টের কপি অপসারণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষর নিকট প্রদান করিবেন।

(৪) বিধি ৯ এ ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা উক্ত বিধিতে উল্লিখিত মেয়াদ এইরূপভাবে বৃদ্ধি করিতে পারিবে যেন স্থাপনা বা ভরাট কার্যক্রম অপসারণের জন্য নির্ধারিত সময়সীমার অধিক না হয়।

## সপ্তম অধ্যায়

## পরিদর্শন, পরিবীক্ষণ ও আটক

১১। **পরিদর্শন পদ্ধতি।**—(১) ধারা ১৪ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, মহাপরিচালক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা বা অন্য কোনো সংস্থার কোনো কর্মকর্তা বা কর্মচারীকে উক্ত আদেশে উল্লিখিত স্থান বা প্রকল্প এলাকা পরিদর্শনের জন্য দায়িত্ব প্রদান করিতে পারিবেন, এবং যিনি আইনের উদ্দেশ্যপূরণকল্পে পরিদর্শক নামে অভিহিত হইবেন এবং একই আদেশে পরিদর্শকের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলির উল্লেখ থাকিবে।

(২) পরিদর্শক কর্তৃক কোনো প্রকল্প, প্রতিষ্ঠান বা স্থান পরিদর্শনের প্রয়োজন হইলে তাহাকে **ফরম ১৪** এ উক্তরূপ পরিদর্শনের অভিপ্রায় ব্যক্ত করিয়া সংশ্লিষ্ট স্থানের দখলদার বা এজেন্টকে উক্ত পরিদর্শনের অন্যূন ৭ (সাত) দিন পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) পরিদর্শকের দায়িত্ব ও ক্ষমতা হইবে নিম্নরূপ, যথা:—

(ক) মহাপরিচালক কর্তৃক নির্দেশিত সময়সীমা অনুসারে প্রকল্প স্থান বা সাইট ও উহার সংশ্লিষ্ট সকল কাগজপত্র ও সরঞ্জামাদি পরিদর্শন, তবে প্রতি বছর ন্যূনতম ২ (দুই) বার পরিদর্শন করিতে হইবে;

(খ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও নির্দেশিত সময়সীমার মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন ও দাখিল;

(গ) পানি সম্পদ সম্পর্কিত বেআইনি কর্মকান্ডে ব্যবহৃত বস্তু ও সরঞ্জামাদি আটকের বিষয়ে আইনী পদক্ষেপ গ্রহণ;

(ঘ) মহাপরিচালক কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন।

(৪) পরিদর্শকের নলকূপ ও প্রকল্প সংশ্লিষ্ট সকল প্রকার দলিল ও তথ্যাদি পরিবীক্ষণ করিবার এবং নলকূপ ও প্রকল্পের সকল ভূমি ও ইমারতে প্রবেশ করিবার অধিকার থাকিবে, এবং প্রকল্প ছাড়পত্রধারী এবং অনাপত্তিধারী এতদ্‌সম্পর্কিত বিষয়ে পরিদর্শককে সকল প্রকার সহায়তা প্রদান করিতে বাধ্য থাকিবে।

(৫) উপ-বিধি (৩) এর দফা (খ) এর অধীন প্রণীত পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত তথ্যের উল্লেখ থাকিবে, যথা:—

(ক) প্রকল্পের কাজ বাস্তবায়ন শুরুর তারিখ, মেয়াদ ও স্থান সম্পর্কিত সংক্ষিপ্ত বিবরণ;

(খ) প্রকল্প ছাড়পত্রের কোনো শর্ত প্রতিপালন না করিবার সংক্ষিপ্ত ও সুনির্দিষ্ট বিবরণ;

(গ) আইন বা তদোধীন প্রণীত বিধিমালার বিধান লংঘন সম্পর্কিত সংক্ষিপ্ত ও সুনির্দিষ্ট বিবরণ;

(ঘ) মহাপরিচালক কর্তৃক নির্দেশিত অন্য যে কোনো তথ্য।

(৬) উপ-বিধি (৪) এর অধীন দায়িত্ব পালনের ক্ষেত্রে পরিদর্শকের নিকটস্থ থানার সহায়তা গ্রহণ করিবার প্রয়োজন হইলে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ সহায়তা প্রদান করিবেন।

**১২। বেআইনি কাজে ব্যবহৃত মালামাল, সরঞ্জাম বা খনন যন্ত্রপাতি আটক পদ্ধতি।**—বিধি ৮ অনুসারে জারীকৃত প্রতিপালন আদেশ সংশ্লিষ্ট ব্যক্তি, কোম্পানি, কর্তৃপক্ষ বা সংস্থা পরিপালনে ব্যর্থ হইলে পরিদর্শক পানি সম্পদ সম্পর্কিত বেআইনী কর্মকান্ডে ব্যবহৃত সকল মালামাল ও সরঞ্জাম বা খনন যন্ত্রপাতি আটক করিবার জন্য নিকটস্থ থানার সহায়তা গ্রহণ করিবে এবং এইক্ষেত্রে ফৌজদারি কার্যবিধি অনুসরণ করিতে হইবে।

## অষ্টম অধ্যায়

## প্রকল্প ছাড়পত্র

**১৩। প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ।**—(১) কোনো ব্যক্তি, সংস্থা, উপযুক্ত কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার প্রতিষ্ঠান সেচ, বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা বা পানি নিষ্কাশনের জন্য নির্মিত যে কোনো ধরনের হাইড্রলিক অবকাঠামো নির্মাণ, নদীর তীর সংরক্ষণ, ড্রেজিং বা অনুরূপ কার্যক্রম, কর্মসূচি বা উদ্যোগ গ্রহণ করিয়া পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ, প্রণয়ন বা বাস্তবায়ন করিতে আগ্রহী হইলে উক্ত ব্যক্তি, সংস্থা, উপযুক্ত কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে প্রকল্প ছাড়পত্রের জন্য ধারা ১৬ এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নির্বাহী কমিটি নিম্নবর্ণিত কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করিবে, যথা:—

(ক) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ক্ষেত্রে, মহাপরিচালক;

(খ) জেলা কমিটির ক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক;

(গ) উপজেলা কমিটির ক্ষেত্রে, সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী কর্মকর্তা; এবং

(ঘ) ইউনিয়ন কমিটির ক্ষেত্রে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে—

(ক) "অনুরূপ কার্যক্রম, কর্মসূচি বা উদ্যোগ" অর্থ কাঠামোগত বা অকাঠামোগত যে কোনো পদ্ধতিতে যে কোনো সরকারি, বেসরকারি, সামাজিক কমিউনিটিভিত্তিক গৃহীত প্রকল্পসহ পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট অন্য কোনো প্রকল্প;

(খ) "পানি সম্পদ উন্নয়ন" অর্থ কাঠামোগত বা অকাঠামোগত পদ্ধতিতে পানির প্রবাহ নিয়ন্ত্রণ, পানির উত্তোলন, আহরণ, সরবরাহ, ব্যবহার, বিতরণ, সংরক্ষণ, রূপান্তর, প্রক্রিয়াকরণ, বন্যা ও খরার পূর্বাভাস ও সতর্কীকরণ, পানি দূষণ রোধকরণ, পয়ঃব্যবস্থা ও নিষ্কাশন।

**১৪। জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক জেলায় জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি নামে, অতঃপর জেলা কমিটি হিসাবে অভিহিত, একটি কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত জেলা কমিটি নিম্নবর্ণিত সদস্য ও কারিগরি সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) জেলা প্রশাসক- সভাপতি;

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ- সদস্য

(গ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ (এক) জন অতিরিক্ত জেলা প্রশাসক- সদস্য;

(ঘ) জেলা মৎস্য কর্মকর্তা- কারিগরি সদস্য;

(ঙ) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- কারিগরি সদস্য;

(চ) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড - কারিগরি সদস্য;

(ছ) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর- কারিগরি সদস্য;

(জ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- কারিগরি সদস্য;

(ঝ) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন- কারিগরি সদস্য;

(ঞ) জেলা চেম্বার অব কমার্স এর ১ (এক) জন প্রতিনিধি - সদস্য;

(ট) সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন এনজিও প্রতিনিধি - সদস্য;

(ঠ) নির্বাহী প্রকৌশলী, সিটি কর্পোরেশন (যদি থাকে) -কারিগরি সদস্য;

(ড) নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহমূখী উন্নয়ন কর্তৃপক্ষ (যদি থাকে)- কারিগরি সদস্য;

(ঢ) বিসিক এর জেলা পর্যায়ের একজন প্রতিনিধি (যদি থাকে) - সদস্য;

(ণ) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (যদি থাকে)- কারিগরি সদস্য;

(ত) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা- কারিগরি সদস্য;

(থ) নির্বাহী প্রকৌশলী, পৌরসভা (যদি থাকে)- কারিগরি সদস্য;

(দ) হাওর অঞ্চলের জেলাসমূহে হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি- কারিগরি সদস্য;

(ধ) উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর (যদি থাকে)- সদস্য;

(ন) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধি- সদস্য-সচিব:

তবে শর্ত থাকে যে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধির অবর্তমানে দফা (চ) এ উল্লিখিত কারিগরি সদস্য, সদস্য-সচিব হইবেন।

(৩) জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে উপ-বিধি (২) এ উল্লিখিত সদস্য ছাড়াও অন্য কোন সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

(৪) জেলা পরিষদের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সংসদ সদস্য জেলা কমিটিকে উপদেষ্টা হিসাবে পরামর্শ প্রদান করিতে পারিবেন।

(৫) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, জেলা কমিটির দায়-দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) জেলা কারিগরি কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে প্রকল্পের প্রাক্কলিত ব্যয়সীমা অনুযায়ী প্রকল্প ছাড়পত্র ইস্যু করার জন্য সুপারিশ করা;

(খ) পানি সম্পদ ব্যবহারের সুযোগ, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা সনাক্ত ও পর্যালোচনা করা এবং তদানুসারে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিদ্যমান আইনি কাঠামোর আওতায় সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ পরিকল্পনা, যদি থাকে, অনুমোদনের জন্য সুপারিশ করা;

(গ) ইউনিয়ন ও উপজেলা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ করা এবং প্রয়োজনে উক্ত কমিটিকে সহায়তা করা;

(ঘ) জেলার মধ্যে পানি সম্পদ খাতে কার্যরত সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকাধীন সংস্থা বা এজেন্সিসমূহের কার্যক্রম সমন্বয় সাধন ও তদারকি করা;

(ঙ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো সংস্থা, এজেন্সি, ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত আদেশ বা নির্দেশনা প্রতিপালন ও পরিবীক্ষণ করা এবং তদানুসারে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার নিকট প্রতিবেদন দাখিল করা;

(চ) পানি সম্পদ ব্যবহার ও উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রে বর্ণিত শর্ত ভঙ্গের পরিপ্রেক্ষিতে উহা বাতিলের সুপারিশ করা;

(ছ) পানি সম্পদ সংশ্লিষ্ট তথ্যভান্ডার প্রণয়ন ও উহা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত শেয়ার করা;

(জ) গাইডলাইন অনুসারে পানি সম্পদের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা;

(ঝ) অধিকতর সমন্বয় সাধনকল্পে উপজেলা কমিটি ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত সংযোগ স্থাপন;

(ঞ) প্রতিপালন আদেশ, অপসারণ আদেশ বা, ক্ষেত্রমত, সুরক্ষা আদেশ জারি করার সুপারিশ করা;

(ট) ধারা ১৬ এর অধীন প্রাপ্ত আবেদন নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ঠ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়-দায়িত্ব পালন করা।

১৫। **উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায় উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি নামে, অতঃপর উপজেলা কমিটি হিসাবে অভিহিত, একটি কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত উপজেলা কমিটি নিম্নবর্ণিত সদস্য ও কারিগরি সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি;

(খ) সহকারী কমিশনার, ভূমি - সদস্য;

(গ) উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো- কারিগরি সদস্য;

(ঘ) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর- কারিগরি সদস্য;

(ঙ) সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন- কারিগরি সদস্য;

(চ) উপজেলা কৃষি কর্মকর্তা - কারিগরি সদস্য;

(ছ) উপজেলা মৎস্য কর্মকর্তা- কারিগরি সদস্য;

(জ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান- সদস্য;

(ঝ) সভাপতি কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি - সদস্য;

(ঞ) জেলা চেম্বার অব কমার্স কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি - সদস্য;

(ট) সভাপতি কর্তৃক মনোনীত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) - সদস্য;

(ঠ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি (যদি থাকে)- কারিগরি সদস্য;

(ড) সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট পৌরসভা (যদি থাকে) - সদস্য;

(ঢ) সহকারী প্রকৌশলী, বিএমডিএ (যদি থাকে)- কারিগরি সদস্য;

(ণ) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- কারিগরি সদস্য;

(ত) হাওর অঞ্চলের জেলাসমূহে হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি- কারিগরি সদস্য;

(থ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধি- সদস্য-সচিব:

তবে শর্ত থাকে যে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধির অবর্তমানে দফা (ঘ) এ উল্লিখিত কারিগরি সদস্য সদস্য-সচিব হইবেন।

(৩) উপজেলা কমিটি প্রয়োজনে উপ-বিধি (২) এ উল্লিখিত সদস্য ছাড়াও অন্য কোন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

(৪) উপজেলা পরিষদের চেয়ারম্যান উপজেলা কমিটিকে উপদেষ্টা হিসাবে পরামর্শ প্রদান করিতে পারিবেন।

(৫) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, উপজেলা কমিটির দায়-দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) উপজেলা কারিগরি কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে প্রকল্পের প্রাক্কলিত ব্যয়সীমা অনুযায়ী প্রকল্প ছাড়পত্র ইস্যুর জন্য সুপারিশ করা;

(খ) পানি সম্পদ ব্যবহারের পরিধি বা সুযোগ, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা সনাক্ত ও পর্যালোচনা করা এবং তদানুসারে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিদ্যমান আইনি কাঠামোর আওতায় উপজেলা পানি সম্পদ পরিকল্পনা (যদি থাকে) অনুমোদনের জন্য সুপারিশ করা;

(গ) ইউনিয়ন কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ করা এবং যখন যেভাবে প্রয়োজন উহাদিগকে সহায়তা করা;

(ঘ) উপজেলার মধ্যে পানি সম্পদ খাতে কার্যরত সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকাধীন সংস্থা বা এজেন্সিসমূহের কার্যক্রম সমন্বয় সাধন ও তদারকি করা;

(ঙ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক জারীকৃত আদেশ বা নির্দেশনার প্রতিপালন পরিবীক্ষণ এবং তদানুসারে জেলা কমিটির নিকট প্রতিবেদন দাখিল করা;

(চ) পানি সম্পদ ব্যবহার ও উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রে বর্ণিত শর্ত ভঙ্গের পরিপ্রেক্ষিতে উহা বাতিল করার জন্য সুপারিশ করা;

(ছ) পানি সম্পদ সংশ্লিষ্ট তথ্যভাণ্ডার প্রণয়ন ও উহা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত শেয়ার করা;

(জ) গাইডলাইন অনুসারে পানি সম্পদের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা;

(ঝ) অধিকতর সমন্বয় সাধনকল্পে জেলা কমিটি ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত সংযোগ স্থাপন করা;

(ঞ) প্রতিপালন আদেশ, অপসারণ আদেশ বা ক্ষেত্রমত, সুরক্ষা আদেশ জারি করার সুপারিশ করা;

(ট) ধারা ১৬ এর অধীন প্রাপ্ত আবেদন নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ঠ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এবং জেলা কমিটি কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়-দায়িত্ব পালন করা।

১৬। **ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি নামে, অতঃপর ইউনিয়ন কমিটি হিসাবে অভিহিত, একটি কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ইউনিয়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য ও কারিগরি সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ- সভাপতি;

(খ) ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য- সদস্য;

(গ) ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট মহিলা ওয়ার্ড সদস্য- সদস্য;

(ঘ) সহকারী কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর- সদস্য;

(ঙ) উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-কারিগরি সদস্য;

(চ) উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-কারিগরি সদস্য;

(ছ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-কারিগরি সদস্য;

(জ) ১ (এক) জন এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)- সদস্য;

(ঝ) পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির ১ (এক) জন প্রতিনিধি- সদস্য;

(ঞ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ১ (এক) জন প্রতিনিধি (যদি থাকে)-কারিগরি সদস্য;

(ট) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের স্থানীয় পর্যায়ের প্রতিনিধি (যদি থাকে)-কারিগরি সদস্য;

(ঠ) উপ-সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (যদি থাকে)- কারিগরি সদস্য;

(ড) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধি- সদস্য-সচিব:

তবে শর্ত থাকে যে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধির অবর্তমানে দফা (ছ) এ উল্লিখিত কারিগরি সদস্য সদস্য-সচিব হইবেন:

আরও শর্ত থাকে যে, দফা (ছ) এ উল্লিখিত কারিগরি সদস্যের অবর্তমানে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত যে কোনো কারিগরি সদস্য, সদস্য-সচিবের দায়িত্ব পালন করিতে পারিবেন।

(৩) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ইউনিয়ন কমিটির দায়-দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ইউনিয়ন কারিগরি কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে প্রকল্পের প্রাক্কলিত ব্যয়সীমা অনুযায়ী প্রকল্প ছাড়পত্র ইস্যু করিবার জন্য সুপারিশ করা;

(খ) পানি সম্পদ ব্যবহারের পরিধি বা সুযোগ, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা সনাক্ত ও পর্যালোচনা করা এবং তদানুসারে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিদ্যমান আইনি কাঠামোর আওতায় ইউনিয়ন পানি সম্পদ পরিকল্পনা (যদি থাকে) অনুমোদন করা;

(গ) ওয়ার্ড সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ এবং যখন যেভাবে প্রয়োজন উহাকে সহায়তা করা;

(ঘ) ইউনিয়নের মধ্যে পানি সম্পদ খাতে কার্যরত সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকাধীন সংস্থা বা এজেন্সিসমূহের কার্যক্রম সমন্বয় সাধন ও তদারকি করা;

(ঙ) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক জারীকৃত আদেশ বা নির্দেশনার প্রতিপালন মনিটর এবং তদানুসারে উপজেলা কমিটির নিকট প্রতিবেদন দাখিল করা;

(চ) ছাড়পত্রে বর্ণিত শর্ত ভঙ্গের ক্ষেত্রে উহা বাতিলের সুপারিশ করা;

(ছ) পানি সম্পদ সংশ্লিষ্ট তথ্যভাণ্ডার প্রণয়ন ও উহা পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত শেয়ার করা;

(জ) গাইডলাইন অনুসারে পানি সম্পদের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা;

(ঝ) গাইডলাইন অনুসারে পানি সম্পদ ব্যবহার ও উন্নয়ন প্রকল্পের জন্য ছাড়পত্র প্রদানের সুপারিশ করা;

(ঞ) উপজেলা কমিটি, জেলা কমিটি ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সহিত সংযোগ স্থাপন করা;

(ট) প্রতিপালন আদেশ, অপসারণ আদেশ বা, ক্ষেত্রমত, সুরক্ষা আদেশ জারির সুপারিশ করা;

(ঠ) ধারা ১৬ এর অধীন প্রাপ্ত আবেদন নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ড) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, জেলা কমিটি, উপজেলা কমিটি কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়-দায়িত্ব পালন করা।

১৭। **জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন প্রণয়ন।**—সরকার, এই বিধিমালাতে উল্লিখিত জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়ন করিতে পারিবে।

১৮। **কমিটিসমূহের সভা।**—(১) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কমিটির সভা প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে ১ (এক) বার অনুষ্ঠিত হইবে এবং জরুরী প্রয়োজনে, যে কোনো সময় সভা আহ্বান করা যাইবে।

(২) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, কমিটিসমূহ উহাদের সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) কমিটিসমূহের সভা উহাদের সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৪) সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন:

তবে শর্ত থাকে যে, সভাপতির অনুপস্থিতিতে, সভাপতি কর্তৃক মনোনীত কমিটির অন্য কোনো সদস্য বা কারিগরি সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) কমিটির মোট সদস্যের দুই-তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হইবে এবং সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে কমিটিসমূহের সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে উপস্থিত সদস্যগণের ভোটের সমতার ক্ষেত্রে সভাপতির একটি নির্ণায়ক ভোট থাকিবে।

(৬) শুধুমাত্র কোনো সদস্য পদে শূন্যতা বা কমিটিসমূহ গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিটিসমূহের কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

১৯। **যে সকল প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প ছাড়পত্র আবশ্যক।**—(১) কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত নিম্নবর্ণিত প্রকল্পসমূহের ক্ষেত্রে ধারা ১৬ এর অধীন প্রকল্প ছাড়পত্র গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) বন্যা নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা প্রকল্প;

(খ) ভূপরিস্থ পানি আহরণ, সরবরাহ বা ব্যবহার সংক্রান্ত প্রকল্প বা প্রকল্পের অংশবিশেষ;

(গ) ভূপরিস্থ পানি দ্বারা সেচ প্রকল্প;

(ঘ) হাইড্রোলিক অবকাঠামো নির্মাণ প্রকল্প;

(ঙ) পানি সংরক্ষণ প্রকল্প;

(চ) বন্যা প্লাবিত সমতল ভূমি বা জলাভূমি উন্নয়ন প্রকল্প;

(ছ) শিল্পের জন্য ভূপরিস্থ পানি ব্যবহার প্রকল্প;

(জ) নদীর তীর সংরক্ষণ বা নদী শাসন প্রকল্প;

(ঝ) নদী খনন বা ড্রেজিং প্রকল্প;

(ঞ) খাল খনন বা পুনঃখনন প্রকল্প;

(ট) ভূপরিস্থ পানিতে মৎস্য উন্নয়ন প্রকল্প;

(ঠ) ভূগর্ভস্থ পানি আহরণ, সরবরাহ বা ব্যবহার সংক্রান্ত প্রকল্প বা প্রকল্পের অংশবিশেষ;

(ড) মহাপরিচালক কর্তৃক উপযুক্ত বিবেচিত অন্য কোন প্রকল্প।

(২) এই বিধিমালা প্রবর্তনের পর, কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষ এই বিধিমালাতে বর্ণিত কার্যপদ্ধতি অনুসরণপূর্বক প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট হইতে প্রকল্প ছাড়পত্র গ্রহণ ব্যতীত উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো প্রকল্পের কোনো কার্যক্রমের দৃশ্যমান বা বাস্তব উদ্যোগ গ্রহণ বা শুরু করিতে পারিবে না।

(৩) যদি কোনো আবেদনকারী উপ-বিধি (২) এর অধীন আরোপিত বিধি-নিষেধ লঙ্ঘনপূর্বক প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট হইতে প্রকল্প ছাড়পত্র গ্রহণ ব্যতীত কোনো প্রকল্প গ্রহণ বা পরিচালনা করে, তাহা হইলে উক্ত আবেদনকারীর বিরুদ্ধে আইনের সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

২০। **প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন পদ্ধতি।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর কোনো প্রকল্প গ্রহণ বা পরিচালনা বা বাস্তবায়নে ইচ্ছুক যে কোনো ব্যক্তি বা উপযুক্ত কর্তৃপক্ষকে উপ-বিধি (২) এ বর্ণিত নির্ধারিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়সীমা অনুযায়ী সংশ্লিষ্ট প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট প্রকল্প ছাড়পত্রের জন্য নিম্নবর্ণিত ফরমে ৩ (তিন) প্রস্থে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) বন্যা নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.১**;

(খ) ভূপরিস্থ পানি আহরণ, সরবরাহ বা ব্যবহার সংক্রান্ত প্রকল্প বা প্রকল্পের অংশবিশেষ বিষয়াদির ছাড়পত্রের জন্য আবেদন - ফরম ৩.২;

(গ) ভূপরিস্থ পানি দ্বারা সেচ প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৩**;

(ঘ) হাইড্রোলিক অবকাঠামো নির্মাণ প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৪**;

(ঙ) ভূপরিস্থ পানি সংরক্ষণ প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৫**;

(চ) বন্যা প্লাবিত সমতল ভূমি বা জলাভূমি উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৬**;

(ছ) শিল্পের জন্য ভূপরিস্থ পানি ব্যবহার প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৭**;

(জ) নদীর তীর সংরক্ষণ বা নদী শাসন প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৮**;

(ঝ) নদী খনন বা ড্রেজিং প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.৯**;

(ঞ) খাল খনন বা পুনঃখনন প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.১০**;

(ট) ভূপরিস্থ পানিতে মৎস্য উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন - **ফরম ৩.১১**

(ঠ) মহাপরিচালক যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ অন্যান্য প্রকল্পের ছাড়পত্রের জন্য আবেদন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনকৃত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অনুসারে নিম্নবর্ণিত কমিটি আবেদনের বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে, যথা—

(ক) অনধিক ১০ (দশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের (split ব্যতীত) ক্ষেত্রে, ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি;

(খ) ১০ (দশ) লক্ষ হইতে অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের (split ব্যতীত) ক্ষেত্রে, উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি;

(গ) ২০ (বিশ) লক্ষ হইতে অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের (split ব্যতীত) ক্ষেত্রে, জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি;

(ঘ) ৫০ (পঞ্চাশ) লক্ষ বা তদূর্ধ্ব টাকা প্রাক্কলিত ব্যয়ের পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (১) এর অধীন আবেদনকৃত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অনুসারে কোনো প্রকল্প—

(ক) একাধিক ইউনিয়নের এলাকাভুক্ত হইবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট উপজেলা কমিটি;

(খ) একাধিক উপজেলার এলাকাভুক্ত হইবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলা কমিটি;

(গ) একাধিক জেলার এলাকাভুক্ত হইবার ক্ষেত্রে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা আবেদনের বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা সময় সময়, দাপ্তরিক আদেশ দ্বারা, উপ-বিধি (২) এ উল্লিখিত প্রাক্কলিত ব্যয়সীমা সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে।

(৫) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে গৃহীত কোনো প্রকল্প অব্যাহত রাখিতে ইচ্ছুক প্রত্যেক আবেদনকারীকে এই বিধিমালা প্রবর্তনের ১ (এক) বৎসর সময় সীমার মধ্যে বা পানি সম্পদ পরিকল্পনা সংস্থা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপ-বিধি (১) এ বর্ণিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়সীমা এবং পদ্ধতি অনুসরণে সংশ্লিষ্ট প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট প্রকল্প ছাড়পত্রের জন্য ৩ (তিন) প্রস্থ আবেদন করিতে হইবে।

(৬) উপ-বিধি (১) এবং (৫) এ উল্লিখিত প্রকল্পের আবেদনকারীকে, ফি পরিশোধ সাপেক্ষে, প্রকল্পের বিবরণ এবং আবেদন ফরমে নির্দিষ্টকৃত তথ্য ও দলিলাদিসহ আবেদন দাখিল করিতে হইবে।

(৭) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ—

(ক) আবেদনকারীর নিকট আবেদন প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় অন্য যে কোনো তথ্য যাচনা করিতে পারিবে; বা

(খ) আবেদন বিবেচনার জন্য প্রয়োজনীয় বা প্রযোজ্য নহে এইরূপ কোনো তথ্য সরবরাহ করা হইতে আবেদনকারীকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৮) আবেদনকারী প্রকল্পের নেতিবাচক প্রভাব চিহ্নিত করিয়া উহা প্রতিকারের বিবরণ আবেদনে উল্লেখ করিবে।

(৯) উপ-বিধি (১) ও (৫) এর অধীন আবেদন প্রাপ্তির পর, প্রত্যেক প্রকল্প ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ উহা রেজিষ্টারে এন্ট্রির ব্যবস্থা করিয়া একটি ক্রমিক নম্বর প্রদান ও প্রাপ্তি স্বীকার করিবে।

(১০) উপ-বিধি (১) এবং (৫) এর অধীন প্রাপ্ত আবেদনটি ছাড়পত্র ইস্যুকারী কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কারিগরি কমিটি, সংশ্লিষ্ট জেলা, উপজেলা বা ইউনিয়ন কারিগরি কমিটির নিকট যাচাই-বাছাইয়ের জন্য প্রেরণ করিবে।

